



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৪.১৭-৫৩৯


তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৮  
১৮ জুলাই ২০২১

### বিষয় : ইউনিয়ন পরিষদ তহবিল ব্যবহার নির্দেশিকা।

১. সরকার তৃণমূল পর্যায়ে সাধারণ জনগণকে ইউনিয়ন পরিষদের মাধ্যমে সরকারী-বেসরকারী সকল ধরণের সেবা প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ সমূহকে One Stop Service এর কেন্দ্র বিন্দু হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদে কমপ্লেক্স ভবন নির্মাণ করছে। ইতোপূর্বে নির্মিত অনেক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন যথাযথ রক্ষণাবেক্ষণের অভাবে জরাজীর্ণ হয়ে পড়েছে। বর্তমানে যে সকল ভবন ব্যবহার উপযোগী রয়েছে সেগুলিও নিয়মিত রক্ষণাবেক্ষণ না করলে ভবিষ্যতে বড় ধরনের মেরামত ও সংস্কারের প্রয়োজন হবে। এতে সরকারের বিপুল পরিমাণ অর্থেরও প্রয়োজন হবে। সে প্রেক্ষিতে ভবনগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণ অতীব জরুরী। বর্ণিত প্রেক্ষাপটে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামতের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেট এর ইউনিয়ন পরিষদ (১৪৭০০০০০০) এ “পণ্য ও সেবা বাবদ সহায়তা” (৩৬৩১১০৩) এর বরাদ্দের আওতায় নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করে মেরামত/সংস্কার নিশ্চিত করতে হবে।
২. ইতোপূর্বে উপজেলা ও ইউনিয়নের ভবন মেরামত/সংস্কার কাজের নির্দেশনা সংক্রান্ত একটি নির্দেশিকা রয়েছে। উক্ত নির্দেশিকায় ইউনিয়ন পরিষদের ভবন মেরামত/সংস্কার কাজ বাস্তবায়নে স্থানীয় কর্তৃপক্ষের অংশগ্রহণ যথাযথভাবে নিশ্চিত করা হয়নি। ফলশ্রুতিতে, ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কার কাজে স্থানীয় কর্তৃপক্ষের যথাযথ অংশগ্রহণ নিশ্চিতকরণে এ নির্দেশিকাটি প্রণয়ন করার উদ্যোগ নেয়া হয়েছে।
৩. রূপকল্প-২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি উন্নত আয়ের দেশে পরিণত করা সরকারের অন্যতম লক্ষ্য। এ লক্ষ্য বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে সুসম্মিতভাবে স্থানীয় ও সরকারি সম্পদ এবং দক্ষতাকে কাজে লাগাতে হবে।
৪. বাংলাদেশে সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও গ্রামীণ অবকাঠামো নির্মাণসহ অন্যান্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে স্থানীয় পর্যায়ে সম্পূর্ণ সংশ্লিষ্ট সকলে ইতোমধ্যে ব্যাপক অভিজ্ঞতা অর্জন করেছে। এ অভিজ্ঞতাকে সম্মিতভাবে প্রয়োগ করা গেলে সকল প্রকল্প বাস্তবায়নে কার্যকর অবদান রাখা সম্ভব হবে। তাই এই নির্দেশিকা জারির পর ইতোপূর্বে এ সংক্রান্ত ইউনিয়ন পরিষদ মেরামত ও সংস্কার এর জন্য জারিকৃত সকল আদেশ, নির্দেশ, নির্দেশিকা বাতিল বলে গণ্য হবে এবং এ নির্দেশিকা অনুসারে পরিচালন বাজেট এর আওতায় ইউনিয়ন পরিষদ (১৪৭০০০০০০) এ “পণ্য ও সেবা বাবদ সহায়তা” (৩৬৩১১০৩) এর বরাদ্দ হতে প্রাপ্ত অর্থের যথাযথ ব্যয় নিশ্চিত করতে হবে। সরকার আশা প্রকাশ করে যে, ইউনিয়ন পরিষদ সমূহের প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের এ নির্দেশিকার সঠিক প্রয়োগ সরকারি সম্পদ ব্যবহারে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠিত করবে।

৫. পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সংশ্লিষ্ট এ খাত হতে প্রাপ্ত বরাদ্দ ব্যয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি ব্যয়ের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

৬. এ নির্দেশিকা জনস্বার্থে জারি করা হলো।

  
(মুস্তাকীম বিল্লাহ ফাটুকী)  
অতিরিক্ত সচিব (ইউপি)  
ফোন: ৯৫১৪৬৩২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. বিভাগীয় কমিশনার (সকল)..... বিভাগ।
২. পরিচালক, স্থানীয় সরকার (সকল).....বিভাগ।
৩. জেলা প্রশাসক (সকল).....জেলা।
৪. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার (সকল).....জেলা।
৬. চেয়ারম্যান (সকল)..... উপজেলা পরিষদ.....জেলা।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....উপজেলা।
৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)..... উপজেলা..... জেলা।
৯. চেয়ারম্যান (সকল).....ইউনিয়ন পরিষদ..... উপজেলা ..... জেলা।

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৪.১৭-৫৩৯

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৮  
১৮ জুলাই ২০২১

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ।
৭. প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

  
(মো: আকবর হোসেন)  
উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪

ই-মেইল: up11gd@gmail.com